

এপ্রিল ৫, ২০০৮

প্রতি

চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর
সমস্ত সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহ

মাননীয় মহাশয়,

ধাতুমুদ্রা গ্রহণ

আমাদের পত্র নং DCM(RMMT)No.404/11.37.01/2003-04 তারিখ অক্টোবর ৯, ২০০৩-এর প্রতি আপনার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে, যেখানে আপনাকে অনুরোধ করা হয়েছে আপনার শাখাগুলিকে জনসাধারণের কাছ থেকে কোনপ্রকার বাধানিষেধ ছাড়াই সবরকম ধাতুমুদ্রা গ্রহণ করার আদেশ দিতে। কিন্তু আমরা এখনও ব্যাংকের শাখাদ্বারা ধাতুমুদ্রা গ্রহণ না করার ব্যাপারে প্রত্যক্ষ এবং পরোক্ষ অভিযোগ পাচ্ছি। জনশ্রুতি অনুযায়ী এই প্রত্যাখ্যানের ফলে দোকানদার এবং ক্ষুদ্র ব্যবসায়ীগণও মাল ও পরিবেচর বিনিয়নে ধাতুমুদ্রা গ্রহণ করতে অস্বীকার করছেন, যার ফলে জনসাধারণ অসুবিধাগ্রস্ত হচ্ছেন। ধাতুমুদ্রা গ্রহণে আপনির দরজে দোকানদার ও খরিদারের মধ্যে তর্কাতর্কিও ঘটছে, বিশেষতঃ যখন উভয়ের মধ্যে কোনো একজন ধাতুমুদ্রার সাহায্যে দাম মেটাতে ভাঙ্গনি ফেরত দিতে অক্ষম হচ্ছেন। অতএব আপনাকে পুনরায় পরামর্শ দেওয়া হচ্ছে অবিলম্বে আপনার শাখাগুলিকে তাদের কাছে বিনিয়নের জন্য বা জমা পড়ার জন্য আসা সবরকম ধাতুমুদ্রা গ্রহণ করার আদেশ দিতে।

২। পূর্বের পরামর্শ অনুযায়ী ধাতুমুদ্রা, বিশেষতঃ কম অক্ষের মুদ্রারক্ষেত্রে ও জনদরে গ্রহণ করাই ভালো। তবে অবশ্য ১০০টি ধাতুমুদ্রাপূর্ণএক একটি পলিথিনের থলি গ্রহণ সন্তুষ্টতঃ কোষাধ্যক্ষ এবং ক্রেতা উভয়ের পক্ষেই অধিক সুবিধাজনক। এই রকম পলিথিনের থলি কাউটারে রাখা এবং ক্রেতাদের বিতরণ করা যেতে পারে। জনগণের জ্ঞাতার্থে এই মর্মে শাখা র ভিতরে ও বাইরে একটি উপযুক্ত বিজ্ঞপ্তি প্রদর্শিত করা যেতে পারে। যেহেতু ৫ পয়সা, ১০ পয়সা, ২০ পয়সার অ্যালুমিনিয়াম মুদ্রা, ১০ পয়সার অ্যালুমিনিয়াম ব্রোঞ্জ মুদ্রা, ১০ পয়সার স্টেনলেস স্টিল মুদ্রা, ২৫ পয়সা, ৫০ পয়সা ও ১ টাকার তামা-নিকেলের মুদ্রাপ্রত্যাহার করে নেওয়া হচ্ছে এবং টাকশালে পুনঃপ্রেরণ করা হচ্ছে, ক্রেতাদের যেন কোনোরকম জোর না করে অনুরোধ করা হয় যাতে তাঁরা এই সব অক্ষের মুদ্রাগুলিকাউণ্টারে জমা দেওয়ার আগে অঙ্ক এবং ধাতু অনুযায়ী পৃথক পৃথক পলিথিনের থলিতে ১০০টি করে ভর্তি করেন। বর্তমানে চালু ২৫ পয়সা, ৫০ পয়সা ও ১ টাকার স্টেনলেস স্টিল মুদ্রাএবং ২ টাকা ও ৫ টাকার তামা-নিকেলের মুদ্রার ক্ষেত্রেওয়েন একই ব্যবস্থা নেওয়া হয়। ওজনের ভিন্নতার মাত্রা অত্যধিক হলে গণক যন্ত্রের সাহায্য নেওয়া যেতে পারে।

৩। শাখাগুলিতে ধাতুমুদ্রা সঞ্চয়ের সমস্যা এড়াতে ৫ পয়সা, ১০ পয়সা, ২০ পয়সার অ্যালুমিনিয়াম মুদ্রা, ১০ পয়সার অ্যালুমিনিয়াম ব্রোঞ্জ মুদ্রা, ১০ পয়সার স্টেনলেস স্টিল মুদ্রা, ২৫ পয়সা, ৫০ পয়সা ও ১ টাকার তামা-নিকেলের মুদ্রা মুঠই/ কলকাতা / হায়দ্রাবাদ স্থিত ভারত সরকারের টাকশালে পুনঃপ্রেরণ করা যেতে পারে। এই ব্যাপারে বিদ্যমান প্রণালী অনুযায়ী আপনার ব্যাংকের মুদ্রা ভাণ্ডার বা ক্ষুদ্র ধাতুমুদ্রা ভাণ্ডারশাখা (অথবা অন্য ব্যাংকের যোগসূত্রামুদ্রা ভাণ্ডার বা ক্ষুদ্র ধাতুমুদ্রা ভাণ্ডার শাখা)-র মাধ্যমে টাকশালে পূর্ব সূচনা প্রেরিত করতে হবে। ২৫ পয়সা, ৫০ পয়সা ও ১ টাকার স্টেনলেস স্টিল মুদ্রা ও ২ টাকা ও ৫ টাকার তামা-নিকেলের মুদ্রা অবশ্য পুনঃপ্রচারিত করতে হবে। যদি চাহিদার অভাবে এই সব মুদ্রারসংরক্ষিত পরিমাণ মুদ্রা ভাণ্ডার বা ক্ষুদ্র ধাতুমুদ্রা ভাণ্ডারের ধারণ ক্ষমতা অতিক্রম করে যায় তাহলে ধাতুমুদ্রাপুনঃপ্রেরণের জন্য মণ্ডলীয়প্রচার বিভাগের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

৪। আঞ্চলিক ব্যবস্থাপক/ স্থানীয় ব্যবস্থাপকগণকে পরামর্শ দেওয়া যেতে পারে যেন তাঁরা শাখাগুলিতে অতিরিক্ত পরিদর্শন চালান এবং এই বিষয় সংক্রান্ত নির্দেশাবলী কতদূর পালিত হচ্ছে তা প্রধান করণে জানান। প্রধান করণে প্রতিবেদনগুলি সমীক্ষা করে দেখা যেতে পারে এবং সত্ত্বর প্রয়োজনীয় সংশোধনী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৫। এই বিষয়ের কোনোরকম অমান্যকরণকে ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা প্রচারিত নির্দেশাবলীর উল্লম্বন বলে মনে করা হবে।

অনুগ্রহ করে প্রাণ্তি স্বীকার করবেন এবং এই ব্যাপারে গৃহীত পদক্ষেপ সম্বন্ধে আমাদের অবহিত করাবেন।

ইতি ভবদীয়

(পি কে বিশ্বাস)
একজিকিউটিভ ডিরেক্টর

Endt.DCM(RMMT)No. /11.37.01/2003-04 তাঃ

নিম্নোক্ত ব্যক্তিবর্গের জ্ঞাপনার্থে প্রতিলেখ প্রেরিত হয়েছে:

- ১। রিজিওনাল ডিরেক্টর/ চীপ জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (অফিসার-ইন-চার্জ), ভারতীয় রিজার্ভ ব্যাংক, আহমেদাবাদ/ব্যাঙালোর/ভূপাল/ভুবনেশ্বর/চট্টগড়/চেন্নাই/গুয়াহাটি/হায়দ্রাবাদ/জয়পুর/জমু/কানপুর/কোচি/কলকাতা/লক্ষ্মী/মুম্বই/বেলাপুর/নভি মুম্বই/নাগপুর/নতুন দিল্লি/পাটনা/তিরুবনন্তপুরম। তিনি যেন যত শীত্র সন্তু পলিথিন থলির বন্দেবন্তকরেন এবং এই পরিপ্রেক্ষিতে দ্বিতীয় অনুচ্ছেদে প্রদ তন্দৰ্শে অনুযায়ী ঐ থলিতে ধাতুমুদ্রা গ্রহণের বন্দেবন্তকরেন। তাঁর দফতর এবং তাঁর মণ্ডলীর অস্তর্গত ব্যাংকের শাখাসমূহে ধাতুমুদ্রা গ্রহণের ব্যবস্থা সম্পর্কে তিনি যেন উপযুক্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করেন এবং একই সঙ্গে তা শাখার ফটকের বাইরে প্রদর্শিত করেন। তিনি যেন অনুগ্রহ করে প্রকাশ বিভাগ ও তাঁর প্রকাশ মণ্ডলীভুক্ত সমস্ত শাখাব্যাংকগুলি কর্তৃক নির্দেশ পালন নিশ্চিত করেন। তিনি যেন এও সুনির্ণিত করেন যে তাঁর দফতরে যেন সবরকমের ধাতুমুদ্রা কোনোরকম বাধানিষেধ ছাড়াই গ্রহণ করা হয় যাতে ঐ ধাতুমুদ্রা জমাকর্তাদের কোনো অভিযোগের অবকাশ না থাকে।
- ২। মুখ্য সাধারণ ব্যবস্থাপক , পরিদর্শন বিভাগ , ভারতীয় রিজার্ভ ব্যাংক, কেন্দ্রিক করণ, বান্দা-কুর্লা কমপ্লেক্স, বান্দা(পূর্ব), মুম্বই-৪০০ ০৫১
- ৩। অধ্যক্ষ, রিজার্ভ ব্যাংক স্টাফ কলেজ, ৩৫৯, আন্না সলাই, টেনামপেট, চেন্নাই- ৬০০ ০১৮
- ৪। অধ্যক্ষ, ব্যাংকার্স ট্রেনিং কলেজ, বীর সাভারকর মার্গ, দাদর, মুম্বই- ৪০০ ০২৮
- ৫। অধ্যক্ষ, কলেজ অফ এগ্রিকালচারাল ব্যাংকিং, গণেশ খণ্ড রোড, পুনে-৪১ ১০১৬

(ভি আর গায়কোয়াড়)

চীপ জেনারেল ম্যানেজার